

একাডেমিক সমন্বয় সভার কার্যবিবরণীঃ

গত ২৩/০১/২০২৪খ্রি. তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় অধ্যক্ষ মহোদয়ের কার্যালয়ে চাঁদপুর মেডিকেল কলেজের বিভিন্ন বর্ষ ও ফেজ এর এক একাডেমিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুরের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক ডাঃ সাহেলা নাজনীন এবং সভা পরিচালনা করেন উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সার্জারী বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ মোঃ হারুন-অর-রশিদ।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহঃ

সভায় বিভিন্ন বিষয়ের বিভাগীয় প্রধানগণ, ফেজ কো-অর্ডিনেটরগণ বিভিন্ন বিষয়ের একাডেমিক অগ্রগতি নিয়ে আলোচনা করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

- ১। প্রতি মাসের শেষ সপ্তাহে প্রত্যেক বিষয়ের সাবজেক্ট কো-অর্ডিনেশন মিটিং অনুষ্ঠিত হবে। প্রত্যেক বিষয়ের বিভাগীয় প্রধান এবং সাবজেক্ট কো-অর্ডিনেটরগণ এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
- ২। প্রতি ০২(দুই) মাস অন্তর অন্তর ফেজ কো-অর্ডিনেশন মিটিং অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট ফেজ কো-অর্ডিনেটরগণ এ ব্যাপারে ব্যবস্থা নিবেন।
- ৩। প্রতি ০৩(তিন) মাস অন্তর অন্তর একাডেমিক কো-অর্ডিনেশন মিটিং অনুষ্ঠিত হবে। একাডেমিক কো-অর্ডিনেটর ডাঃ এ.এম সফিউল আজম চৌধুরী এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অর্থো-সার্জারী বিভাগের সহযোগী অধ্যাপক ডাঃ মোহাম্মদ সাক্বির হোসেন এ ব্যাপারে প্রয়োজনীয় সহযোগিতা করবেন।
- ৪। ফেজ অনুযায়ী কারিকুলাম প্রেজেন্টেশন শীঘ্রই করতে হবে। সংশ্লিষ্ট ফেজ কো-অর্ডিনেটর মেডিকেল এডুকেশন ইউনিট প্রধানের সাথে আলোচনা করে এ ব্যাপারে ব্যবস্থা নিবেন।
- ৫। এখন প্রতি মাসে সিএমই অনুষ্ঠিত হয়। পরবর্তীতে প্রতি ১৫ দিন অন্তর সিএমই আয়োজনের জন্য মেডিকেল এডুকেশন বিভাগকে নির্দেশনা দেয়া হয়। প্রি-ক্লিনিক্যাল, প্যারা ক্লিনিক্যাল ও ক্লিনিক্যাল বিষয়ের প্রত্যেক বিষয়কে সিএমই-তে যুক্ত করতে হবে।
- ৬। স্টুডেন্টস ওয়েল ফেয়ার এসোসিয়েশন গঠনের জন্য আলোচনা করা হয় এবং নিম্নোক্ত প্রক্রিয়ায় কমিটি গঠনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

অধ্যাপক ডাঃ সাহেলা নাজনীন, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)	উপদেষ্টা
ডাঃ মোঃ হারুন-অর-রশিদ, সহযোগী অধ্যাপক, সার্জারী (ভাইস-প্রিন্সিপাল ও হোস্টেল সুপার)	আইবায়ক
ডাঃ মোহাম্মদ সাক্বির হোসেন, সহযোগী অধ্যাপক (অর্থোপেডিক সার্জারী)	সদস্য
ডাঃ মোহাম্মদ সাইফুল ইসলাম পাটওয়ারী, সহযোগী অধ্যাপক (মেডিসিন)	সদস্য
ডাঃ মোহাম্মদ নুরুল আলম, সহকারী অধ্যাপক (বায়োকেমিস্ট্রি)	সদস্য
ডাঃ ইসরাত জাহান, সহকারী অধ্যাপক (ফিজিওলজি)	সদস্য
ডাঃ কাজী ফাতেমা রাফাত, কিউরেটর (এনাটমি)	সদস্য
ছাত্র/ছাত্রী (১০ জন)	সদস্য
- ১ জন মেধাভিত্তিক, ১ জন দক্ষতাভিত্তিক (প্রত্যেক ব্যাচ থেকে) (ব্যাচ-১, ব্যাচ-২, ব্যাচ-৩, ব্যাচ-৪ ও ব্যাচ-৫)
- ৭। ফেজ অনুযায়ী ইন্টিগ্রেটেড ক্লাশ চালু রাখতে হবে এবং সংশ্লিষ্ট ফেজ কো-অর্ডিনেটরগণ এ ব্যাপারে পদক্ষেপ নিবেন।
- ৮। বিভিন্ন জাতীয় দিবস (স্বাস্থ্য সম্পর্কিত) পালনের ব্যাপারে মেডিকেল ইউনিট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৯। রিসার্চ সেল গঠনের ব্যাপারে একাডেমিক কো-অর্ডিনেটর ডাঃ এস.এম সফিউল আজম চৌধুরী-কে দায়িত্ব দেওয়া হয় এবং শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে রিসার্চ মেথোডোলজি এর উপর প্রেজেন্টেশন আয়োজন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা দেয়া হয়।
- ১০। মেন্টর শিক্ষকগণ প্রতিমাসে অন্তত একবার তাঁর ফ্রপের ছাত্র-ছাত্রীদের নিয়ে বসবেন। তাদের বিভিন্ন সমস্যা আলোচনা করে সমাধানের চেষ্টা করবেন এবং প্রতি তিনমাস পর পর লিখিতভাবে উপাধ্যক্ষ মহোদয়কে রিপোর্ট করবেন।
- ১১। ফেজ অনুযায়ী একাডেমিক ক্যালেন্ডার তৈরি করতে হবে। সংশ্লিষ্ট ফেজ কো-অর্ডিনেটর এ ব্যাপারে ব্যবস্থা নিবেন এবং একাডেমিক কো-অর্ডিনেটর সমন্বিত একাডেমিক ক্যালেন্ডার তৈরি করবেন।
- ১২। প্রতিটি সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, ফেজ কো-অর্ডিনেটর, একাডেমিক কো-অর্ডিনেটর, মেডিকেল এডুকেশন ইউনিট প্রযোজ্য ক্ষেত্রে দায়বদ্ধ থাকবেন এবং অধ্যক্ষ ও উপাধ্যক্ষ মহোদয়ের সাথে সমন্বয় সাধন করবেন এবং তাদের সহযোগিতা নিবেন।

পরিশেষে অধ্যক্ষ মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

24.01.24

(ডাঃ মোঃ হারুন-অর-রশিদ)
সহযোগী অধ্যাপক (সার্জারী)
ভাইস-প্রিন্সিপাল (ভারপ্রাপ্ত)
চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।